

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.৯৯.০০৩.২৩.৩৭

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০

১২ জুলাই ২০২৩

বিষয়: শুধুমাত্র ঝুঁকিপূর্ণ/জরাজীর্ণ ভবন সমৃদ্ধ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যাচ্ছে যে, সারাদেশে বিপুল সংখ্যক বিদ্যালয়ে ঝুঁকিপূর্ণ/জরাজীর্ণ ভবন রয়েছে। তাছাড়া বিভিন্ন সময়ে পত্র পত্রিকায় ঝুঁকিপূর্ণ/জরাজীর্ণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিষয়ে সংবাদ প্রকাশিত হয়। ঝুঁকিপূর্ণ/জরাজীর্ণ ভবন সমৃদ্ধ বিদ্যালয় সমূহে প্রয়োজনীয় অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণের নিমিত্তে সরকার একটি নতুন প্রকল্প গ্রহণ করতে যাচ্ছে। উক্ত প্রকল্প গ্রহণের পূর্বে সারাদেশে যেসকল বিদ্যালয়ে জরাজীর্ণ/ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে এবং পাঠদানের জন্য অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে, সেসকল বিদ্যালয়ের তথ্য সংগ্রহ করা প্রয়োজন। উল্লেখ্য যে, ঝুঁকিপূর্ণ যে সকল ভবন ইতোমধ্যে বিধি মোতাবেক অকেজো/পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে এবং পাঠদানে ব্যবহার হচ্ছে না, সেসকল ভবন নিলাম কমিটি কর্তৃক বিধি মোতাবেক নিলাম করে অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। এমতাবস্থায়, শুধুমাত্র যেসকল বিদ্যালয়ে ঝুঁকিপূর্ণ/জরাজীর্ণ ভবন রয়েছে তাঁর আওতাধীন জেলাসমূহের সেসকল বিদ্যালয়ের তথ্য সংযুক্ত ছকে (এক্সেল সীট-এ ইউনিকোড-নিকোস ফন্ট) আগামী ২৫ জুলাই ২০২৩ তারিখের মধ্যে স্বাক্ষরিত হার্ড কপি এবং সফট কপি (dirplandpe@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি। তথ্য সরবরাহের ক্ষেত্রে সঠিক তথ্য প্রদানের বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে।

সংযুক্ত: বর্ণনামতে তথ্য ছক ১ (এক) পাতা।



১২-৭-২০২৩

মোহাম্মদ মিজানুর রহমান

পরিচালক

ফোন: ৫৫০৭৪৯৩৮

ইমেইল: dirplandpe@gmail.com

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.৯৯.০০৩.২৩.৩৭/১(৮৫)

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০

১২ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৩) সহকারী শিক্ষা অফিসার (বুটিন দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৪) উপজেলা/থানা শিক্ষা অফিসার



১২-৭-২০২৩

মোহাম্মদ মিজানুর রহমান

পরিচালক

ঝুকিপূর্ণ ংবং জরাজীর্ণ বিদ্যালয় ভবনের তথ্য ২০২৩

জেলার নাম:

ক্রমিক নং	উপজেলার নাম	উপজেলার কোড নাম্বার	বিদ্যালয়ের নাম	বিদ্যালয়ের ইএমআইএস কোড (১১ ডিজিট)	বিদ্যালয়ে মোট শিক্ষার্থীর সংখ্যা	বিদ্যালয়ে মোট শিক্ষক সংখ্যা	বিদ্যালয়ের পাঠ দানের শিফট (১/২) এক শিফট=১ দুই শিফট=২	বিদ্যালয়ের মোট ভবনের সংখ্যা	বিদ্যালয়ে মোট কক্ষ সংখ্যা	বিদ্যালয়ে ঝুকিপূর্ণ ভবনের সংখ্যা	বিদ্যালয়ে জরাজীর্ণ ভবনের সংখ্যা	বিদ্যালয়ে ব্যবহার উপযোগী/ ভালো শ্রেণীকক্ষের সংখ্যা	শিক্ষার্থী ংবং শিক্ষকের তুলনা করে মোট কক্ষের চাহিদা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫

বিদ্যালয়ের ঝুকিপূর্ণ ভবন: বিদ্যালয়ের যে সকল ভবন অতি পুরাতন, যে কোন সময় দুর্ঘটনা ঘটান সম্ভাবনা রয়েছে, ভবনের কলাম/বীমে/ছাদে ফাটল রয়েছে, ভূমিকম্প কিংবা যেকোনো প্রাকৃতিক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত, ভবনের কলাম/বীমের/ছাদের প্রাস্টার ওঠে রড বেরিয়ে পড়েছে অথবা কমিটি কর্তৃক অকেজো ঘোষিত ভবন বুঝাবে।

বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন: বিদ্যালয়ের যে সকল ভবন অতি পুরাতন, ভবনের প্রাস্টার ওঠে গেছে, রড বেরিয়ে পড়েছে, ছাদ দিয়ে পানি পড়ে, মেরামত যোগ্য(মেজর/মাইনর) ভবন বুঝাবে।

বিঃদ্র: উপরোল্ল শর্ত অনুযায়ী যে সকল বিদ্যালয়ে শুধুমাত্র ঝুকিপূর্ণ/ জরাজীর্ণ ভবন রয়েছে তার তথ্য প্রদান করতে হবে।

২২/৭/২৩
 Farana Tasrin Panna
 Education Officer (Planning and Development)
 Directorate of Primary Education
 Mirpur-2, Dhaka-1216

২২/৭/২৩
 কামরুল ইসলাম
 সহকারী পরিচালক (পরিঃ ংস্কৃঃ)